# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ৯. যুদ্ধজয় ও হত্যার সুযোগই ধার্মিকতার পুরস্কার

বাইবেলের বর্ণনায় হত্যা শুধু ধর্মীয় দায়িত্বই নয়, উপরন্তু তা ধার্মিকতার পুরস্কারও বটে। ঈশ্বরের বিশ্বাসী বান্দারা যদি ঈশ্বরের অনুগত থাকেন তবে ঈশ্বর তাদেরকে প্রাণভরে শত্রু হত্যার সুযোগ করে দেবেন। লেবীয় পুস্তকের ২৬ অধ্যায়ে ঈশ্বর অনুগতদের পুরস্কার প্রসঙ্গে বলেন: "তোমরা তোমাদের শত্রুদের তাড়া করবে এবং শত্রুরা তোমাদের সামনেই (তরবারির আঘাতে) মারা পড়বে (খড়্গে পতিত হইবে: fall before you by the sword)। মাত্র পাঁচজন মিলে তোমরা একশোজন শত্রুকে তাড়া করবে এবং একশোজন মিলে দশ হাজার শত্রুকে তাড়া করবে, আর শত্রুরা তোমাদের সামনে (তরবারির আঘাতে) মারা পড়বে (খড়্গে পতিত হইবে: fall before you by the sword)। (লেবীয় ২৬/৭-৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন